ত্রিপুরা সরকার

তথ্য ও সংস্কৃতি অধিকার

*****

<u>স-২৭৩৭</u>

আগরতলা,৪ সেপ্টেম্বর,২০২৫

**কৃষ্ণটিলা ও ডেমডুম উচ্চ বিদ্যালয়ে ন্যাশনাল ওরাল হেলথ প্রোগ্রামের অধীন ছাত্র-ছাত্রীদের মধ্যে দাঁত ও মুখ গহ্বরের স্বাস্থ্য সম্পর্কিত স্বাস্থ্য শিবির**







ঊনকোটি জেলার কৃষ্ণটিলা প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্রের অধীন কৃষ্ণটিলা উচ্চ বিদ্যালয়ে গত ৩ সেপ্টেম্বর ২০২৫ ন্যাশনাল ওরাল হেলথ প্রোগ্রাম কর্মসূচিতে বিদ্যালয়ের ছাত্র-ছাত্রীদের নিয়ে দাঁত ও মুখ গহ্বরের স্বাস্থ্য সম্পর্কিত এক স্বাস্থ্য শিবির অনুষ্ঠিত হয়। এই কর্মসূচির মূল উদ্দেশ্য হল বিদ্যালয়ের ছাত্র-ছাত্রীদের মধ্যে দাঁত ও মুখ গহ্বরের স্বাস্থ্য সুরক্ষিত রাখার বিষয়ে ছাত্র-ছাত্রীদেরকে সচেতন করা। এই কর্মসূচিতে ফটিকরায় প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্রের দন্ত চিকিৎসক ডাঃ সুরজ দাস বিদ্যালয়ের মোট ৬৩ জন ছাত্র-ছাত্রীকে দাঁত ও মুখের স্বাস্থ্য পরীক্ষা করেন। এর মধ্যে অনেকেরই দাঁতের ক্ষয় জনিত রোগ, মাড়ির রোগ এবং মুখ গহ্বরের অন্যান্য সমস্যায় ভুগছিল। দন্ত চিকিৎসক তাদের সমস্যাগুলো চিহ্নিত করে, প্রয়োজনীয় চিকিৎসার পরামর্শ প্রদান করেন। এছাড়াও দন্ত চিকিৎসক বিদ্যালয়ের উপস্থিত সকল ছাত্র-ছাত্রীদের মধ্যে সঠিকভাবে দাঁত মাজার পদ্ধতি, খাবারের পর নিয়মিত দাঁত মাজা,সঠিক টুথপেস্ট ব্যবহার করা এবং মিষ্টি ও আঠালো জাতীয় খাবার এড়িয়ে চলার উপকারিতা এবং মুখগহ্বরের পরিচ্ছন্নতা বজায় রাখার গুরুত্ব সম্পর্কে বিস্তারিত আলোচনা করেন। এই কর্মসূচিতে বিদ্যালয়ের উপস্থিত সকল ছাত্র-ছাত্রীদের মধ্যে দাঁত ও মুখ গহ্বরের স্বাস্থ্য সুরক্ষিত রাখা সম্পর্কে আলোচ্য বিষয়ের উপর ক্যুইজ প্রতিযোগিতা করা হয় এবং সঠিক উত্তর প্রদানকারীদেরকে পুরস্কৃত করা হয়। এই ধরনের কর্মসূচির মাধ্যমে বিদ্যালয়ের ছাত্র-ছাত্রীদেরকে সচেতনতা সৃষ্টি করতে স্বাস্থ্য দপ্তরের এই উদ্যোগের প্রশংসা করেন বিদ্যালয়ের প্রধান শিক্ষক।

এদিকে কাঞ্চনবাড়ি প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্রের অন্তৰ্গত ডেমডুম আয়ুষ্মান আরোগ্য মন্দিরের অধীন ডেমডুম উচ্চ বিদ্যালয়ে আজ (৪ সেপ্টেম্বর ২০২৫) ন্যাশনাল ওরাল হেলথ প্রোগ্রাম কর্মসূচির অধীনে বিদ্যালয়ের ছাত্র-ছাত্রীদের দাঁত ও মুখের স্বাস্থ্য পরীক্ষা করা হয়। এই শিবিরে কাঞ্চনবাড়ি প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্রের দন্ত চিকিৎসক ডাঃ খুম্বার দেববর্মা, ডেমডুম আয়ুষ্মান আরোগ্য মন্দিরের কমিউনিটি হেলথ অফিসার কেলভিন ত্রিপুরা, এএনএম জবালক্ষ্মী দেববর্মা উপস্থিত ছিলেন। উক্ত কর্মসূচিতে দন্ত চিকিৎসক বিদ্যালয়ের মোট ৫৯ জন ছাত্র-ছাত্রীর দাঁত ও মুখের স্বাস্থ্য পরীক্ষা করেন। এখানেও উপস্থিত সকল ছাত্র-ছাত্রীদের মধ্যে আলোচ্য বিষয়ের উপর ক্যুইজ প্রতিযোগিতা করা হয় এবং সঠিক উত্তর প্রদানকারীদেরকে পুরস্কৃত করা হয়।

*****